



খালেদা জিয়ার আরোগ্য কামনায় তামিম ইকবালের হৃদয়ছোঁয়া বার্তা



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া গুরুতর অসুস্থ হয়ে সিসিইউতে চিকিৎসাধীন আছেন— এমন খবর ছড়িয়ে পড়তেই নানা শ্রেণিপেশার মানুষ তার সুস্থতা কামনা করছেন। সেই তালিকায় যোগ হলো বাংলাদেশের ক্রিকেট কিংবদন্তি তামিম ইকবালের নামও।

শনিবার (২৯ নভেম্বর) সামাজিক যোগাযোগমাধ্যমে তামিম এক অনুভূতিপূর্ণ বার্তায় লিখেছেন,

“বেগম খালেদা জিয়ার দ্রুত আরোগ্য কামনা করছি। তিনি প্রতিকূল পরিস্থিতি মোকাবিলায় যে দৃঢ়তা দেখিয়েছেন, তা সত্যিই অনুপ্রেরণাদায়ক।”

তিনি আরও লিখেন,

“আশা করি আবারও তিনি সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরবেন। সবাই তার জন্য দোয়া করবেন।”

এর আগে চলতি বছরের ১০ মে চট্টগ্রামের পলোগ্রাউন্ডে বিএনপির একটি সমাবেশে উপস্থিত হয়েছিলেন তামিম ইকবাল। তখন তার রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে নানা জল্পনা তৈরি হলেও তিনি স্পষ্টভাবে জানান, তিনি রাজনীতিতে সক্রিয় হওয়ার পরিকল্পনা করছেন না এবং নিজেকে ক্রীড়াবিদ হিসেবেই পরিচয় দিতে চান।